শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ অধিদপ্তর**
**পরিবেশ ভবন**
ই-১৬, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

স্মারক নম্বর: ২২.০২.০০০০.০১৮.৯৯.০০৭.২১. ৯২২

তারিখ: ০৬/০৩/১৪২৭ বঙ্গাব্দ
২০/০৬/২০২১ খ্রিস্টাব্দ

# অফিস আদেশ

**বিষয়: লাল শ্রেণীর শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্রের আবেদন অগ্রায়ন, পরিদর্শন প্রতিবেদন প্রস্তুতকরণ ও নথি প্রক্রিয়াকরণ।**

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত ২০১০) ও পরিবেশ সংরক্ষণ বিধিমালা ১৯৯৭ অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্র প্রক্রিয়াকরণ করা হয়। পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর তফসিল-১ (ঘ) এর লাল শ্রেণিভুক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ছাড়পত্রের আবেদনের পরিপ্রেক্ষিতে পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলা/মহানগর/আঞ্চলিক/বিভাগীয় কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন ও সুপারিশের ভিত্তিতে সদর দপ্তরের পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটি কর্তৃক উল্লিখিত আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্রের আবেদন একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে নিষ্পত্তির জন্য বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু অনেক সময় সংশ্লিষ্ট অফিস থেকে অসম্পূর্ণ কাগজপত্র ও তথ্য এবং অপূর্ণাঙ্গ পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করায় পরিবেশগত ছাড়পত্র প্রক্রিয়াকরণ অনাকাঙ্খিতভাবে বিলম্ব হয়।

বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে, লাল শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ছাড়পত্রের আবেদন সদর দপ্তরে প্রেরণের পূর্বে নিম্নবর্ণিত তথ্য যাচাইপূর্বক অগ্রায়ণ করতে হবে:

১. পৃষ্ঠা নম্বরসহ প্রেরিত কাগজপত্রাদির একটি সূচিপত্র;

২. উদ্যোক্তার স্বাক্ষর ও সীলসহযোগে নির্ধারিত ফর্মে আবেদনপত্র (ফরম-৩) ও সাধারণ তথ্যাবলী;

৩. শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের লে-আউট প্ল্যান (ড্রেনেজ সিস্টেম ও প্রযোজ্য ক্ষেত্রে ইটিপি'র অবস্থানচিহ্নিতপূর্বক, এসটিএস/এসটিপি এর অবস্থান চিহ্নিত ম্যাপ);

৪. উৎপাদন প্রক্রিয়ার বিস্তারিত বিবরণসহ প্রসেস ফ্লো-ডায়াগ্রাম (কাঁচামাল, উৎপন্ন দ্রব্য ও উপজাতসমূহ);

৫. শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের প্রতিটি ইউনিটের উৎপাদন ক্ষমতা, উৎপাদন কাজে ব্যবহৃত পানির পরিমাণ এবং উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট তরল বর্জ্যের হিসাব, প্রযোজ্য ক্ষেত্রে মেডিকেল ওয়েস্ট (সলিড/তরল);

৬. প্রযোজ্য ক্ষেত্রে তরল বর্জ্য পরিশোধন ব্যবস্থার প্রতিটি ইউটিটের ড্রইং, ডিজাইন ও ক্যালকুশেনসহ পরিশোধন প্রক্রিয়ার বিস্তারিত বিবরণ (বিদ্যমান ইটিপি/এসটিপি/ডব্লিউডব্লিউটিপি/জিরো ডিসচার্জ প্লান এর ক্ষেত্রে কার্যকারিতার প্রমাণক);

৭. প্রযোজ্য ক্ষেত্রে বায়ুদূষণ নিয়ন্ত্রণের জন্য ব্যবহৃত যন্ত্রপাতির তালিকা ও স্পেসিফিকেশনসহ দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থার বিস্তারিত বিবরণ (বিদ্যমান বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থার কার্যকারিতার প্রমাণক);

৮. শিল্প প্রতিষ্ঠান/প্রকল্প হতে সৃষ্ট কঠিন বর্জ্যের ধরন, পরিমাণ ও পরিত্যাজন ব্যবস্থা;

৯. শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ড্রেনেজ ব্যবস্থা;

১০. নির্ধারিত ফরমেটে স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তিপত্র (সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ);

১১. জমির শ্রেণি যাচাইয়ের জন্য জমির খতিয়ান, মৌজা ম্যাপ (দাগ নম্বর চিহ্নিতসহ);

শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

১২. শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন (কেবল প্রস্তাবিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য);

১৩. প্রাথমিক পরিবেশগত সমীক্ষা (আইইই) প্রতিবেদন/চেকলিস্টেটর সাথে পরিবেশগত প্রভাব নিরুপণ (ইআইএ) এর কার্যপরিধি (ToR)

১৪. অনুমোদিত কার্যপরিধি (ToR) অনুসারে ইআইএ প্রতিবেদন;

১৫. বিদ্যমান শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (ইএমপি) প্রতিবেদন;

১৬. উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত সকল কাগজপত্রে স্বাক্ষর ও সীল।

১৭. শিল্প কারখানা/প্রকল্পের অবস্থান চিহ্নিতপূর্বক দূরত্ব নির্দেশিত সাইট লোকেশন ম্যাপ। সাইট লোকেশন ম্যাপে প্রকল্পের কেন্দ্র হতে ন্যূনতম ৫০০ মিটার ব্যাসার্ধের মধ্যে বিদ্যমান গুরুত্বপূর্ণ স্থাপনা (কেপিআই/আরকিউলজিক্যাল সাইট), ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট্যসমূহ (ইসিএ এলাকা/প্রটেকটেড এরিয়া/রিজার্ভ ফরেস্ট/জলাধার/পাহাড়), ড্রেনেজ সিস্টেম ও চূড়ান্ত বর্জ্য নির্গমণস্থলের অবস্থান চিহ্নিত করতে হবে। ক্ষেত্রমত সাইটের ফটোগ্রাফ যুক্ত করতে হবে ও জিপিএস কোঅর্ডিনেট উল্লেখ করতে হবে;

১৮. পরিদর্শন প্রতিবেদনে শিল্প কারখানা বা প্রকল্পের তথ্য সরবরাহকারীর নাম ও পদবী, অবস্থানগত বিবরণ, দাখিলকৃত কাগজপত্রাদি, বিনিয়োগকৃত অর্থানুযায়ী ছাড়পত্র ফি যথাযথ কী না, কাঁচামাল ও উৎপন্ন দ্রব্যের পরিমাণ/সংখ্যা, সম্ভাব্য/বিদ্যমান দূষণের উৎস ও উহার প্রতিকারমূলক ব্যবস্থাদি, সংশ্লিষ্ট কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে কোনো কিছু জানতে চাওয়া (Query) হলে তার যথাযথ জবাব, যেমন-পরিবেশ দূষণ সংক্রান্ত কোন অভিযোগ, অভিযোগ নিষ্পত্তির তথ্যাদি, ভ্রাম্যমান আদালত পরিচালনার তথ্য(প্রযোজ্য ক্ষেত্র), স্পেশাল ম্যাজিস্ট্রেট/পরিবেশ আদালতের কোন মামলা, প্রতিবেশ ব্যবস্থার ক্ষতির জন্য ধার্যকৃত ক্ষতিপূরণ, ক্ষতিপূরণ আদায়, ক্ষতিপূরণ অনাদায়ী রয়েছে কিনা?, এনফোর্সমেন্ট মামলা নিষ্পত্তি হয়েছে কিনা?, কোন রীট মামলা, আপীল মামলা, কনটেম্প্ট মামলা রয়েছে কিনা এ সংক্রান্ত তথ্যাদি উল্লেখপূর্বক সুস্পষ্ট সুপারিশ করতে হবে।

(মোঃ আশরাফ উদ্দিন)
মহাপরিচালক

**বিতরণ (অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):**

১. পরিচালক, ঢাকা /চট্টগ্রাম মহানগর কার্যালয়, পরিবেশ অধিদপ্তর।
২. পরিচালক, ঢাকা /চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, পরিবেশ অধিদপ্তর।
৩. পরিচালক, খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়, পরিবেশ অধিদপ্তর।
৪. উপপরিচালক, সকল জেলা কার্যালয়, পরিবেশ অধিদপ্তর।
৫. সহকারী পরিচালক, সকল জেলা কার্যালয়, পরিবেশ অধিদপ্তর।